



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর

ঢাকা-১২১০১

www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১.২৫.৩৩৩

তারিখ: ১৯ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

বদলী সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের অধ্যক্ষগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ৩য় ও ৪র্থ পর্বে অধ্যয়নরত বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের ছকে বর্ণিত তারিখের মধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানের (বর্তমানে অধ্যয়নরত) অধ্যক্ষ বরাবর অভিভাবকের (পিতা/মাতা/উপযুক্ত অভিভাবক) প্রতিস্বাক্ষরসহ আবেদন করতে হবে। ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠান বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের নিকট প্রাপ্ত আবেদনপত্র নিয়ে বর্ণিত বদলির সাধারণ নির্দেশিকার আলোকে যাচাই-বাছাই করে বদলি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছকে বর্ণিত সময়ের মধ্যে bteb.gov.bd এ প্রবেশ করে>অনলাইন তথ্য প্রেরণ/গ্রহণ>ডিপ্লোমা পর্যায় প্রবেশ করে> **Diploma (Engg/Text/Agri/Fish/Live/Forest) Transfer Data Entry Link (Link 1, Link 2, Link 3)** বর্ণিত লিংক-এর মাধ্যমে প্রয়োজনীয় তথ্যাদি অনলাইনে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, শুধুমাত্র ছকে বর্ণিত তারিখে অনলাইনে তথ্য প্রেরণের জন্য সার্ভার খোলা থাকবে। সংশ্লিষ্ট সকলকে বদলি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক অনুসারে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হলো।

তথ্য ছক-১

বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানে আবেদনের তারিখ	ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠান বোর্ডে অনলাইনে তথ্য প্রেরণের তারিখ	বদলির জন্য বোর্ড কর্তৃক মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ
০৫-১৫ অক্টোবর, ২০২৬ খ্রিঃ	০৬-২৯ অক্টোবর, ২০২৬ খ্রিঃ	২য় ও ৩য় পর্বের পর্ব সমাপনী পরীক্ষার ফলাফল প্রকাশের ০৭ কার্যদিবসের মধ্যে


শিক্ষার্থী বদলির সাধারণ নির্দেশিকা

- এইচএসসি (বিজ্ঞান)/এইচএসসি (ভোকেশনাল)/আলিম (বিজ্ঞান) উত্তীর্ণ সরাসরি ৩য় ও ৪র্থ পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীগণ বদলিতে ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না।
- আসন খালি থাকা ও বদলির সাধারণ নির্দেশিকার শর্তাবলী অনুসরণপূর্বক বদলি করা হবে।
- শিক্ষার্থী বদলির ক্ষেত্রে অবশ্যই টেকনোলজি, প্রবিধান ও শিফটের মিল থাকতে হবে। ১ম শিফটের শিক্ষার্থী ১ম শিফটে এবং ২য় শিফটের শিক্ষার্থী ২য় শিফটে বদলি হওয়ার সুযোগ পাবে।
- ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ৩য় ও ৪র্থ পর্বের শিক্ষার্থীরা বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে বদলির আবেদন করতে পারবে;
- কোন অবস্থাতেই অকৃতকার্য বা রেফার্ড প্রাপ্ত শিক্ষার্থী বদলির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। ২য় ও ৩য় পর্বের পর্ব সমাপনী পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল বদলির আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে;
- ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী সরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র সরকারি প্রতিষ্ঠানে এবং ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র বেসরকারি প্রতিষ্ঠানে বদলি হওয়ার সুযোগ পাবে। তবে ঐ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট টেকনোলজি থাকতে হবে এবং ঐ পর্বে শিক্ষার্থী থাকতে হবে;
- ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী বদলির ক্ষেত্রে ০২ (দুই) প্রতিষ্ঠানের সম্মতিতে বর্তমানে অধ্যয়নরত প্রতিষ্ঠান হতে বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে Log-In করে বোর্ড কর্তৃক প্রদত্ত ছকে অনলাইনের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে;
- পিতা-মাতা সরকারি কর্মচারি হলে তাঁদের বদলির ক্ষেত্রে বদলিকৃত কর্মস্থল বা নিকটবর্তী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে তাঁদের সন্তান বদলিতে অগ্রাধিকার পাবে;
- বদলির ক্ষেত্রে অন্যান্য শর্ত পূরণ করলে ছাত্রীদের অগ্রাধিকার দেয়া হবে;

৫৭৫৫

১০. প্রশাসনিক ও শৃংখলাজনিত কারণে অধ্যক্ষের সুপারিশের প্রেক্ষিতে নীতিমালার ক্রমিক নং ৪ এর শর্তাবলী শিথিল করে বদলি করা যাবে;
১১. পিতা/মাতার মৃত্যুজনিত কারণে শিক্ষার্থীর নিজ জেলা নিকটতম প্রতিষ্ঠানে বদলির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;
১২. বর্তমানে অধ্যয়নরত প্রতিষ্ঠানের অধ্যক্ষ বদলি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের প্রাপ্ত আবেদনপত্র (অভিভাবকের প্রতিনিধিত্বের সম্মতি) যাচাই-বাছাই করে বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে Log-In করে বোর্ড কর্তৃক প্রদত্ত ছকে অনলাইনের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে;
১৩. সংশ্লিষ্ট ছাড়পত্র প্রদানকারী ও গ্রহণকারী প্রতিষ্ঠান শিক্ষার্থী প্রতি ১০০ (একশত) টাকা হারে ফি আদায় করতে পারবে। যা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রাপ্য হবে;
১৪. Online-এ প্রাপ্ত আবেদন হতে মেধাক্রম অনুসারে শূন্য আসনের ভিত্তিতে বদলির জন্য মনোনয়ন প্রদান করা হবে;
১৫. বদলিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি, যে পর্বে বদলি হতে ইচ্ছুক তার পূর্ববর্তী পর্বের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি ও পূর্ববর্তী পর্ব/পর্বসমূহের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি যে প্রতিষ্ঠানে ভর্তি হবে (বদলিকৃত প্রতিষ্ঠান) সেই প্রতিষ্ঠানের অধ্যক্ষ সংরক্ষণ করবেন;
১৬. বদলির ক্ষেত্রে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বিঃ দ্রঃ এইচএসসি (বিজ্ঞান)/ এইচএসসি (ডোকেশনাল)/আলিম (বিজ্ঞান) হতে উত্তীর্ণ সরাসরি ৩য় ও ৪র্থ পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীগণ বদলী অযোগ্য হিসেবে বিবেচিত হবে।



 (প্রকৌশলী অনিমেশ পাল)
 পরিচালক (কারিকুলাম)
 বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
 ফোন নং-০২-৫৫০০৬৫২৩ (অফিস)
 ইমেইল: bteb.director@gmail.com

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১.২৫.৩৩৩(০৬)

তারিখ: ১৯ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ০১। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০২। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৩। উপপরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৪। সিস্টেম এ্যানালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ০৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৬। অফিস নথি


 (প্রকৌশলী মোঃ আনোয়ার হোসেন)
 কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
 বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
 ফোনঃ ০২-৫৫০০৬৫৪০ (অফিস)
 ইমেইল: btebcsdiploma@gmail.com